

বাংলাদেশ দূতাবাস

এথেন্স

প্রেস বিজ্ঞপ্তি

২০ ডিসেম্বর ২০১৬

এথেন্সে বাংলাদেশ-গ্রীস ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণ বিষয়ক সেমিনার

বাংলাদেশ এবং গ্রীসের মধ্যে ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এলক্ষ্যে দুদেশের সরকার এবং ব্যবসায়ীরা একযোগে কাজ করতে পারে। আজ সকালে এথেন্সের বাংলাদেশ দূতাবাসে অনুষ্ঠিত 'বাংলাদেশ দ্যা ড্রীম ডেসটিনেশন ফর বিজনেস এন্ড ইনভেস্টমেন্ট' শীর্ষক এক সেমিনারে বক্তারা এ কথা বলেন। দুদেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধির সম্ভাব্য ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে এই সেমিনারের আয়োজন করা হয়।

এ উপলক্ষ্যে গ্রীসে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন বলেন যে, বাংলাদেশে বর্তমানে অত্যন্ত বিনিয়োগ ও ব্যবসা বান্ধব পরিবেশ বিরাজমান। তিনি গ্রীসের ব্যবসায়ী সম্প্রদায়কে বাংলাদেশে বাণিজ্য এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে এগিয়ে আসার আহ্বান জানান। বাংলাদেশের স্থিতিশীল অর্থনৈতিক প্রবৃদ্ধি, দক্ষ শ্রমশক্তি, ক্রমবর্ধমান ভোক্তা শ্রেণী এবং সরকারের ব্যবসাবান্ধবনীতির প্রেক্ষিতে বাংলাদেশ বাণিজ্য এবং বিনিয়োগের জন্য একটি কাজিত গন্তব্য হিসেবে নিজেদের উন্নীত করতে সক্ষম হয়েছে। তিনি বলেন যে, দুদেশের চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এই ক্ষেত্রে জোরালো ভূমিকা রাখতে পারে। সেমিনারে রাষ্ট্রদূত আরো বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ তাঁর পররাষ্ট্রনীতিতে বর্ধিত অর্থনৈতিক সহযোগিতার জন্য গ্রীসসহ অন্যান্য বন্ধু রাষ্ট্রের সাথে নিবিড়তর বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক বৃদ্ধির উপর জোর দিচ্ছে।

গ্রীসের বেশ কয়েকটি ব্যবসা এবং বিনিয়োগকারী প্রতিষ্ঠান এই সেমিনারে যোগ দেয়। গ্রীক ব্যবসায়ীরা বাংলাদেশে বাণিজ্য ও বিনিয়োগ করার আগ্রহ প্রকাশ করে সুনির্দিষ্ট বিনিয়োগ পরিকল্পনাও তুলে ধরেন। দূতাবাসের হেড অব চ্যান্সারী সুজন দেবনাথের পরিচালনায় অনুষ্ঠিত এই সেমিনারে বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনা বিষয়ক একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। গ্রীসের সাথে বাংলাদেশের ব্যবসা বাণিজ্য, প্রসার ও বিনিয়োগ এবং গ্রীসে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরার দূতাবাসের অব্যাহত কর্মসূচীর অংশ হিসেবে এই সেমিনারের আয়োজন করা হয়।

